গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞাপন

নথি নং-৮০.০০.০০০০.২০০.৪৬.১৫.২০১৮-১১৩ তারিখ : ০৮.০৪.২০১৮

## ৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষা-২০১৮

বাংলাদেশ সিভিল সার্ভিসের স্বাস্থ্য ক্যাডারের নিম্নোক্ত শূন্য পদসমূহ প্রতিযোগিতামূলক বিসিএস পরীক্ষার মাধ্যমে পূরণের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইন-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক নং | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | বিসিএস (স্বাস্থ্য) | ক. সহকারী সার্জন | ৪১০ | ৪৫৪২ | এম.বি.বি.এস অথবা এর সমমানের ডিগ্রি। | ৩৯১ | ৭৭১ |
| | | খ. সহকারী ডেন্টাল সার্জন | ৪৫০ | ২৫০ | বি.ডি.এস অথবা এর সমমানের ডিগ্রি। | ৩৯২ | ৭৯১ |

**বিশেষ নির্দেশাবলি :**

**১. ক.** নতুন পদসৃষ্টি, পদোন্নতি, কর্মকর্তার অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে উল্লিখিত ক্যাডারের শূন্য পদসংখ্যার পরিবর্তন হতে পারে।

**খ.** বিজ্ঞাপনে উল্লিখিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার পদের জন্য কোনো প্রার্থীর নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা না থাকলে উক্ত প্রার্থী আবেদন করতে পারবেন না। কোনো প্রার্থী বিদেশ হতে তাঁর অর্জিত কোনো ডিগ্রিকে উল্লিখিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাঁকে সে মর্মে বি.এম.ডি.সি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে BPSC Form-1(applicant's copy) এর সঙ্গে জমা দিতে হবে। ইকুইভ্যালেন্স সনদের জন্য মেডিকেল ডিগ্রিধারীদের বি.এম.ডি.সি-র সঙ্গে যোগাযোগ করতে পরামর্শ দেয়া যাচ্ছে। উক্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে, অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

**গ.** যদি কোনো প্রার্থী এম.বি.বি.এস/বি.ডি.এস/সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়ে থাকেন এবং তার ঐ পরীক্ষার ফলাফল ৩৯তম বিসিএস (বিশেষ) এর আবেদনপত্র দাখিলের শেষ তারিখ পর্যন্ত প্রকাশিত না হয় তাহলে তিনি অনলাইন-এ আবেদনপত্র দাখিল করতে পারবেন, তবে তা সাময়িকভাবে গ্রহণ করা হবে। কেবল সেই প্রার্থীকেই অবতীর্ণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে যার এম.বি.বি.এস/বি.ডি.এস/সমমানের সকল লিখিত পরীক্ষা ৩৯তম (বিশেষ) বিসিএস পরীক্ষার আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যে অর্থাৎ **৩০.০৪.২০১৮** তারিখের মধ্যে সম্পূর্ণরূপে শেষ হয়েছে। এ মর্মে সংশ্লিষ্ট পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখ সংবলিত অবতীর্ণ প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে BPSC Form-1(applicant's copy) এর হার্ড কপির সঙ্গে প্রার্থী কমিশনে দাখিল করবেন। **এম.বি.বি.এস/বি.ডি.এস/সমমানের পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখ উল্লেখবিহীন** কোনো **অবতীর্ণ প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে না**। বিসিএস-এর মৌখিক পরীক্ষার সময় এম.বি.বি.এস/বি.ডি.এস/সমমানের পরীক্ষা পাসের প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয়ের মূল/সাময়িক সার্টিফিকেট এবং অবতীর্ণ হওয়ার প্রত্যয়নপত্রের মূল কপি কমিশনে অবশ্যই দাখিল করতে হবে। **অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না এবং প্রার্থিতাও বাতিল বলে গণ্য হবে।**

২. **অনলাইন-এ আবেদনপত্র (BPSC Form-1) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

ক. **আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১০.০৪.২০১৮ তারিখ সকাল ১০:০০ টা।**

খ. **আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ৩০.০৪.২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০ টা।**

গ. **আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ : ৩০.০৪.২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০ টার মধ্যে কেবল** User ID **প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টা (অর্থাৎ ০৩.০৫.২০১৮তারিখ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত)** sms **এর মাধ্যমে (বিজ্ঞাপনের ৯ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।**

**বিশেষ দ্রষ্টব্য : Applicant's Copy-তে উল্লিখিত সময় অনুযায়ী (অর্থাৎ ৭২ ঘণ্টা) প্রার্থীদের ফি জমাদান সম্পন্ন করতে হবে। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র জমাদান চূড়ান্ত করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

৩. **বয়সসীমা : ০২ এপ্রিল ২০১৮ খ্রিঃ তারিখে বয়স :**

ক. **প্রার্থীর বয়স :** ২১ হতে ৩২ বছর **(জন্মতারিখ সর্বনিম্ন ০২.০৪.১৯৯৭ সর্বোচ্চ ০২.০৪.১৯৮৬ পর্যন্ত)।**

খ. **প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।**

৪. **জাতীয়তা :**

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ. সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো প্রার্থী কোনো বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন। সরকারের অনুমতিপত্র কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে BPSC Form-1 এর (applicant's copy) সঙ্গে কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ে অবশ্যই জমা দিতে হবে।

৫. ক. লিঙ্গ নির্বিশেষে বিজ্ঞাপিত যোগ্যতাধারী বাংলাদেশের যে কোনো নাগরিক ৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন।

খ. প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকরিরত প্রার্থীগণের মধ্যে যোগ্যতাসম্পন্ন এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৬. **অনলাইন-এ বিসিএস পরীক্ষার আবেদনপত্র** (BPSC Form-1) **জমাদান :**

৩৯তম বিসিএস (বিশেষ) এর MCQ type লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের এই বিজ্ঞাপনের ৭ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত পদ্ধতি এবং BPSC Form-1 পূরণের নির্দেশাবলিতে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে শুধু কমিশন কর্তৃক অনুমোদিত আবেদনপত্র (BPSC Form-1) অনলাইন-এ পূরণ করে আবেদন করতে হবে। পূরণকৃত BPSC Form-1এর একাধিক কপি ডাউনলোড করে কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে জমাদানের জন্য প্রার্থী নিজের কাজে সযত্নে সংরক্ষণ করবেন। BPSC Form-1 (applicant's copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে বিজ্ঞাপনের ১৪ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত কাগজপত্রসহ MCQ type লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর প্রার্থী কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে হাতে হাতে কমিশনের আগারগাঁও, শেরে বাংলা নগর ঢাকাস্থ প্রধান কার্যালয়ে জমা দিবেন।

৭. **অনলাইন-এ BPSC Form-1 পূরণ পদ্ধতি :**

প্রার্থীকে Teletalk BD Ltd-এর Web Address: http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web Address: www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত অনলাইন আবেদনপত্র (BPSC Form-1) পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে ৩৯তম বিসিএস (বিশেষ)-এর **Advertisement, অনলাইন-এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশাবলি** এবং **নির্ধারিত application form (BPSC Form-1)** এর রেডিও বাটন দৃশ্যমান হবে।

Advertisement এর রেডিও বাটন ক্লিক করলে ৩৯তম বিসিএস (বিশেষ) এর বিজ্ঞাপন পাওয়া যাবে। কমিশনের **www.bpsc.gov.bd** ওয়েবসাইটে অনলাইন আবেদনপত্র (BPSC From-1)পূরণের বিষয়ে ১২ পৃষ্ঠা সংবলিত বিস্তারিত নির্দেশনা **"৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষা ২০১৮-এর আবেদনপত্র (BPSC Form-1) অনলাইন-এ পূরণ, sms-এর মাধ্যমে 'ফি' জমাদান এবং Admit Card প্রাপ্তি"** সংক্রান্ত বিস্তারিত নির্দেশাবলি শিরোনামে দেয়া থাকবে। অনলাইন ফরম পূরণের পূর্বে

প্রার্থী উক্ত নির্দেশনা অংশটি ডাইনলোড করে প্রতিটি নির্দশনা ভালভাবে আয়ত্ত করে নিতে পারবেন। Application Form (BPSC From-1) এর রেডিও বাটন ক্লিক করলে **Application Form for Technical Cadre/Professional Cadre** এর Application Form দৃশ্যমান হবে। প্রার্থী Technical/Professional cadre এর Application Form এর রেডিও বাটন ক্লিক করলে অনলাইন আবেদনপত্র (BPSC Form-1) এর কাঙ্ক্ষিত BPSC Form-1 দৃশ্যমান হলে ফরমের প্রতিটি অংশ নির্দেশাবলিতে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী পূরণ করতে হবে। BPSC Form-1-এর ৩টি অংশ রয়েছে: **Part-1: Personal Information, Part-2 : Educational Qualification, Part-3 : Cadre Option. BPSC Form-1** পূরণ সংক্রান্ত নির্দেশাবলি অংশের বিস্তারিত নির্দেশনা এবং BPSC Form-1 এর প্রতিটি field এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণ করে BPSC Form-1 পূরণ করতে হবে।

৮. **ডিক্লারেশন :**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-1) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং কমিশন কর্তৃক গৃহীতব্য যে কোনো নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তাঁর বিরুদ্ধে যে কোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে। BPSC Form-1 এ প্রদত্ত ডিক্লারেশন অনুযায়ী প্রার্থী লিখিত পরীক্ষার জন্য ওয়েবসাইট থেকে স্বয়ংক্রিয়ভাবে ডাউনলোড করে সাময়িকভাবে প্রবেশপত্র গ্রহণ করবেন। পরবর্তী সময়ে উপরোল্লিখিত কোনোরূপ অযোগ্যতা/দুর্নীতি প্রমাণিত হলে সাময়িকভাবে প্রাপ্ত প্রবেশপত্র ও প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। MCQ type লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে প্রার্থী কর্তৃক অনলাইন আবেদনপত্রে (BPSC Form-1) প্রদত্ত প্রতিটি তথ্যের সপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে অনলাইন-এ পূরণকৃত BPSC Form-1 এর মুদ্রিত (ডাউনলোডকৃত) কপি এই বিজ্ঞাপনের ১৪নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট কাগজপত্রসহ কমিশনে জমা দিতে হবে। কোনো প্রার্থী অনলাইন-এ BPSC Form-1 এ প্রদত্ত তথ্য ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ BPSC Form-1(applicant's copy) এর মুদ্রিত কপির সঙ্গে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে বা স্বাস্থ্য ক্যাডারের জন্য নির্ধারিত যোগ্যতা না থাকলে বা আবেদন ভুলভাবে পূরণ করলে বা কোনো অযোগ্যতা বা কোনো substantive ত্রুটি ধরা পড়লে যে কোনো পর্যায়ে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৯. **বিসিএস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা-২০১৪ এর বিধি ৯(৪)(ক)(খ) এর বিধান অনুযায়ী পরীক্ষার ফি জমাদান :**

অনলাইন-এ আবেদনপত্র (BPSC Form-1) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনা মতে **ছবি** এবং **স্বাক্ষর** আপলোড করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র জমা প্রদান সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র জমা সম্পন্ন হলে প্রার্থী অনলাইন-এ একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি applicant's copy পাবেন। Application preview এবং applicant's copy-তে প্রার্থীর ছবি ও স্বাক্ষর অবশ্যই দৃশ্যমান হতে হবে। উক্ত applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে। Applicant's কপিতে একটি User ID দেয়া থাকবে এবং এই User ID ব্যবহার করে Teletalk BD Ltd. কর্তৃক sms এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থী বিসিএস পরীক্ষা বিধিমালা-২০১৪ এর বিধি ৯(৪)(ক) অনুযায়ী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে sms করে ৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষার ফি ৭০০/- (সাতশত) টাকা জমা দিবেন। একই বিধিমালার বিধি ৯(৪)(খ) এর বিধানমতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত প্রার্থী, প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকার পরিবর্তে ১০০/- (একশত টাকা) জমা দিবেন এবং প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করতে পারবেন। **উল্লেখ্য, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থী না হয়েও কেনো প্রার্থী অনলাইন ফরম-এ উক্ত কোটার প্রার্থিতা দাবি করে ১০০/- (একশত) টাকা ফি জমা প্রদান করে ফরম পূরণ শেষে প্রবেশপত্র গ্রহণ করলেও আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর সংশোধনের পুন: আবেদন গ্রহণযোগ্য হবে না। লিখিত ও মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উল্লিখিত substantive ত্রুটির কারণে বিজ্ঞাপনের শর্তানুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।**

**ফি জমা দেয়ার পদ্ধতি :**

**প্রথম SMS:** BCS <space>User ID লিখে send করুন 16222 নম্বরে।

Example : | BCS | QRNTCBTP |

**Reply :** Applicant's Name, Tk-700 (Tk-100 for Physically Disabled, Ethnic Minority Group and Third Gender Group Candidates) will be charged as Application Fee. Your PIN is (8 digit number) 12345678. To Pay Fee, type BCS < Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** BCS <space>Yes<Space>PIN লিখে send করুন 16222 নম্বরে।
Example : BCS YES 12345678

**Reply :** Congratulations! Applicant's Name, payment completed successfully for 39th (special) BCS Examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

**N.B.:** For Lost Password, Please Type BCS<Space>HELP<Space>SSC Board <Space> SSC Roll<Space>SSC Year and send to 16222.

১০. **ছবি (Photo)**: BPSC Form-1 এর Part-1, Part-2 এবং Part-3 সাফল্যজনকভাবে পূরণ সম্পন্ন হলে application preview দেখা যাবে। preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য x প্রস্থ) 300 x 300 pixel এর কম বা বেশি নয় এবং file size 100 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, এরূপ মাপের **অনধিক তিন মাস পূর্বে তোলা প্রার্থীর রঙিন ছবি** scan করে আপলোড করতে হবে। **সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না।** Home page-এর help menu-তে ক্লিক করলে photo এবং signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

১১. **স্বাক্ষর (Signature)**: Application preview-তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য x প্রস্থ) 300 x 80 pixel এর কম বা বেশি নয় এবং file size 60 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, প্রার্থীকে এরূপ মাপের নিজের স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। উল্লিখিত নির্দেশনা অনুযায়ী applicant's copy-তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২. **প্রবেশপত্র (Admit Card):**

বিজ্ঞাপনের ৯ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি জমা হলে টেলিটক হতে প্রেরিত sms বার্তায় প্রাপ্ত উত্তরে প্রদত্ত একটি User ID এবং password ব্যবহার করে প্রার্থী তার কম্পিউটারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দকৃত রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে পারবেন। পরবর্তী সময়ে কোনোরূপ Substantive অযোগ্যতা ধরা পড়লে পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদের শর্তমতে প্রবেশপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩. **একাধিক ফরম পূরণ নিষিদ্ধ :**

কোনো প্রার্থী ফি জমা দিয়ে চূড়ান্তভাবে অনলাইন-এ আবেদনপত্র দাখিল করে প্রবেশপত্র গ্রহণ করার পর পুনরায় অনলাইন-এ আবেদনপত্র জমা দিতে পারবেন না। কোনো প্রার্থী মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে প্রক্রিয়ায়ণের যে কোনো স্তরে তা প্রমাণিত হলে তার সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে এবং তিনি কমিশন কর্তৃক গৃহীতব্য সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৪. **BPSC Form-1 প্রাপ্তি এবং নির্দেশিত কাগজপত্রসহ BPSC Form-1 জমাদান :** লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট থেকে ৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষা-২০১৮ এর জন্য অনলাইন-এ পূরণকৃত BPSC Form-1 (applicant's copy) কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে ডাউনলোড করে সংগ্রহ করবেন। ওয়েবসাইট থেকে সংগৃহীত BPSC Form-1(applicant's copy) প্রার্থীগণ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের নির্দেশনা অনুসরণ করে **নিম্নোক্ত প্রয়োজনীয় সনদ/ডকুমেন্টসসহ** লিখিত পরীক্ষার পর কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে হাতে হাতে জমা দিবেন:

**ক.** প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি BPSC Form-1(applicant's copy)এর উপরে বাম পাশে স্ট্যাপলারের সাহায্যে সংযুক্ত করতে হবে।

**খ.** শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি।

**গ.** বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। **"O-Level"** এবং **"A-Level"** উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ। **উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।**

ঘ. ১. **প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি।**

**অথবা**

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি।**

২. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯.০৬.২০১৭ তারিখের ৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযোদ্ধার নাম সংবলিত **'লাল মুক্তিবার্তা'** অথবা **'ভারতীয় তালিকা'র** সত্যায়িত ২টি কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত **'লাল মুক্তিবার্তা'** অথবা **'ভারতীয় তালিকা'র** কিংবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

৩. কোনো মুক্তিযোদ্ধার নাম **'লাল মুক্তিবার্তা'** অথবা **'ভারতীয় তালিকায়'** না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত (i) গেজেট ও সাময়িক সনদ অথবা (ii) গেজেট ও বামুস সনদ অথবা (iii) গেজেট, সাময়িক সনদ ও বামুস সনদ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৪. মুক্তিযোদ্ধার বয়স ৩০.১১.১৯৭১ তারিখ বা তার পূর্বে ন্যূনতম ১২ বছর ৬ মাস ছিল মর্মে মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ ডকুমেন্টস হিসেবে মুক্তিযোদ্ধা সনদধারীর জন্মতারিখ সংবলিত এস.এস.সি বা সমমানের সনদ, এস.এস.সি বা সমমানের পরীক্ষায় পাস না হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সার্টিফিকেট/জন্মতারিখ সংবলিত প্রামাণিক দলিল আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৫. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী কোনো প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে **'লাল মুক্তিবার্তা'** অথবা **'ভারতীয় তালিকা'র** মুক্তিযোদ্ধার নামের সাথে আবেদনপত্রের পিতার নাম ও ঠিকানা যাচাইয়ের ক্ষেত্রে আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৬. নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রশাসনিক মন্ত্রণালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯.০৬.২০১৭ তারিখের ৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুসরণ করে মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদ ও তথ্য যাচাই-বাছাইয়ান্তে নিশ্চিত হয়ে নিয়োগের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

৭. মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী না পাওয়া গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং তাঁদের পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন।

৮. প্রতিবন্ধী কোটার প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/ সমপদমর্যাদা সম্পন্ন/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি।

৯. তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি।

১০. যে সকল প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর রয়েছে সে সকল প্রার্থী অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে NID নম্বর উল্লেখ করবেন এবং কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে তা প্রদর্শন করবেন। যে সকল প্রার্থীর NID নম্বর নেই সে সকল প্রার্থী NID প্রাপ্তির পর কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) বরাবর দরখাস্তসহ NID এর সত্যায়িত কপি জমা দিবেন। তবে NID না থাকার কারণে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে না।

**১১.** লিখিত পরীক্ষার ফল প্রকাশের পর BPSC Form-1 এর সাথে মুক্তিযোদ্ধা কোটার সপক্ষে মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি প্রদান করতে ব্যর্থ হলে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থিতা বাতিল হবে। তবে বয়স থাকলে বিজ্ঞাপনের ১৮(গ) অনুচ্ছেদ অনুযায়ী সাধারণ প্রার্থী হিসেবে গণ্য হবে। উপরে ১৪. ঘ(১-৫) উপানুচ্ছেদের বর্ণনামতে মুক্তিযোদ্ধা সংক্রান্ত সকল তথ্য ও কাগজপত্রসহ মুক্তিযোদ্ধা সনদের দুইটি সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। **অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

**বিশেষ দ্রষ্টব্য :** **মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও প্রতিবন্ধী কোটায় কমিশন কর্তৃক সাময়িকভাবে সুপারিশপ্রাপ্ত প্রার্থী কর্তৃক মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ প্রতিবন্ধী কোটার দাবি করে তার সপক্ষে আবেদনপত্রের সঙ্গে প্রার্থী কর্তৃক দাখিলকৃত সংশ্লিষ্ট সকল সনদের মূলকপি নিয়োগের পূর্বে সরকারী সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ এজেন্সির মাধ্যমে যাচাই-বাছাই করে নিয়োগকারী কর্তৃপক্ষ সত্যতা সম্পর্কে সুনিশ্চিত হয়ে নিয়োগ প্রদান করবেন।**

**ঙ.** প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি। **উল্লেখ্য, জেলা প্রশাসক ব্যতীত অন্য কোনো কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।**

**চ.** **তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীকে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ ।**

**ছ.** বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞাপনের ১(খ) অনুচ্ছেদ অনুযায়ী বি.এম.ডি.সি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি।

**জ.** বি.এম.ডি.সি কর্তৃক ইস্যুকৃত সর্বশেষ চূড়ান্ত রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি।

**ঝ.** এই বিজ্ঞাপনের ২৪ নম্বর অনুচ্ছেদের (খ) এবং (গ) উপানুচ্ছেদ অনুযায়ী সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি।

**ঞ.** এই বিজ্ঞাপনের ১৮(ছ) অনুচ্ছেদ অনুযায়ী পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি।

**ট.** এই বিজ্ঞাপনের ২৪ নম্বর অনুচ্ছেদের (ক) উপানুচ্ছেদ অনুযায়ী সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/ স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি।

**ঠ.** মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীদের পিতা/পিতামহ/পিতামহীর মাতা/মাতামহ/ মাতামহীর মুক্তিযোদ্ধার সনদে উল্লিখিত ঠিকানা আবেদনপত্রে (BPSC Form-1) উল্লিখিত স্থায়ী ঠিকানা হতে ভিন্ন হলে মুক্তিযোদ্ধা সনদে উল্লিখিত মুক্তিযুদ্ধকালীন ঠিকানার সপক্ষে এবং পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌর চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত দু'টি ভিন্ন ভিন্ন প্রত্যয়নপত্র।

**বিশেষ দ্রষ্টব্য :** **BPSC Form-1(applicant's copy) এবং তৎসাথে সংযুক্ত সকল ডকুমেন্টস অনুপুঙ্খ যাচাইয়ের পর শুধু ত্রুটিমুক্ত আবেদনপত্রের বিপরীতে সংশ্লিষ্ট প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্যতা মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার একমাত্র যোগ্যতা নয়। লিখিত পরীক্ষায় কৃতকার্য হওয়া যে সকল প্রার্থী সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট-এর কপিসহ BPSC Form-1(applicant's copy) এর মুদ্রিত কপি লিখিত পরীক্ষার পর কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হবেন তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সে সকল প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।**

১৫. **প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম :** প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম (পুলিশ ভেরিফিকেশন ফরম) কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ যথাসময়ে প্রদান করা হবে। ওয়েবসাইট থেকে প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে মৌখিক পরীক্ষার সময় উক্ত পরীক্ষার বোর্ডে ৩(তিন) কপি দাখিল করতে হবে।

১৬. **অনলাইন-এ BPSC Form-3 পূরণ ও জমাদান :**

**লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে অনলাইন-এ Teletalk BD Ltd এর Web Address: http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web Address: www.bpsc.gov.bd-এর মাধ্যমে অতিরিক্ত তথ্য সংবলিত BPSC Form-3 অনলাইন-এ বাংলায় পূরণ করে জমা দিতে হবে। এ বিষয়ে কমিশন কর্তৃক প্রেসবিজ্ঞপ্তি এবং BPSC Form-1 এ উল্লিখিত প্রার্থীর মোবাইল নম্বরে Teletalk হতে sms-এর মাধ্যমে প্রার্থীদের যথাসময়ে নির্দেশনা প্রদান করা হবে। কমিশনের নির্দেশনা অনুযায়ী অনলাইন-এ পূরণকৃত উক্ত সংক্ষিপ্ত ফরম (BPSC Form-3) ডাউনলোড করে এক কপি প্রার্থী নিজের কাছে সংরক্ষণ করবেন। মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে পূরণকৃত উক্ত BPSC Form-3 এর ২টি কপি আবশ্যিকভাবে দাখিল করতে হবে।**

**১৭. মৌখিক পরীক্ষার বোর্ডে Applicant's Copy জমাদান :**
কমিশনের ওয়েবসাইট থেকে প্রার্থী তার অনধিক তিন মাস পূর্বে তোলা ছবি ও স্বাক্ষরযুক্ত applicant's copy ডাউনলোড করে প্রিন্ট কপি করে সংরক্ষণ করবেন। Applicant's copy-এর একটি কপি প্রার্থী তার নিজের কাছে সংরক্ষণ করবেন এবং ৩টি কপি পুলিশ ভেরিফিকেশন ফরমের সঙ্গে প্রার্থীকে মৌখিক পরীক্ষার দিন পরীক্ষার বোর্ডে অবশ্যই জমা দিতে হবে।

১৮. **ক.** স্বাস্থ্য ক্যাডারের পদের কোড নম্বর অবশ্যই (BPSC Form-1) অনলাইন-এ আবেদনপত্রের Part-3. cadre option-এর ঘরে উল্লেখ করতে হবে। **অনলাইন আবেদনপত্র** (BPSC Form-1)**-এর প্রথম অংশের স্থায়ী ঠিকানার (permanent address) district-এর ঘরে নির্ধারিত স্থানে উল্লিখিত স্থায়ী জেলার বাসিন্দা হিসেবে তাঁকে চাকরিতে মনোনয়নের জন্য বিবেচনা করা হবে। এ ক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে।**

**খ.** BPSC Form-1 এর তথ্যের ভিত্তিতে প্রার্থীর যাবতীয় কার্যক্রম সম্পাদিত হবে।

**গ.** BPSC Form-1 এ মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী কোটায় প্রার্থিতা দাবি করে পরবর্তীতে কোনো প্রার্থী কোটার প্রার্থিতার সপক্ষে যাচিত সনদ BPSC Form-1 এর সাথে প্রদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রাধিকার কোটার প্রার্থিতা বাতিল হবে তবে সাধারণ প্রার্থীদের জন্য নির্ধারিত বয়স থাকলে তিনি সাধারণ প্রার্থী হিসেবে বিবেচিত হবেন।

**ঘ.** অনলাইন-এ পূরণকৃত BPSC Form-1 এ মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী কোটার প্রার্থিতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থিতা দাবি গ্রহণযোগ্য হবে না।

**ঙ.** BPSC Form-1 এ নাম, রেজিস্ট্রেশন নম্বর, জন্মতারিখ ও অন্য কোনোরূপ substantive ত্রুটি থাকলে পরবর্তীতে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। substantive ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল হবে। **কাজেই অনলাইন-এ ফরম পূরণের সময় নাম, জন্মতারিখসহ প্রতিটি তথ্য অত্যন্ত সতর্কতার সাথে নিজেকে পূরণ করতে হবে।**

**চ.** BPSC Form-1 এ স্থায়ী ঠিকানায় প্রার্থী কর্তৃক উল্লিখিত জেলার প্রার্থী হিসেবে প্রার্থীর চূড়ান্ত সুপারিশ অর্থাৎ ফলাফল নির্ধারণ করা হয়ে থাকে। আবেদনপত্র(BPSC Form-1) জমাদানের পর সংগতকারণে প্রার্থীর স্থায়ী ঠিকানার পরিবর্তন হলেও BPSC Form-1 এ উল্লিখিত স্থায়ী জেলার ভিত্তিতেই প্রার্থীর ফলাফল নির্ধারিত হবে।

**ছ.** প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত প্রদত্ত স্থায়ী ঠিকানা **(permanent address)** যদি ইতঃপূর্বে কোনো সার্টিফিকেটে বা অন্যত্র উল্লিখিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র লিখিত পরীক্ষার পর কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে BPSC Form-1 এর সঙ্গে জমা দিতে হবে।

১৯. প্রার্থীকে অনলাইন-এ ৩৯তম বিসিএস (বিশেষ) এর প্রাথমিক রেজিস্ট্রেশনের জন্য এই বিজ্ঞাপনের ৭ নম্বর অনুচ্ছেদে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে কমিশনের অনুমোদিত প্রেসক্রাইব্‌ড অনলাইন আবেদনপত্র (BPSC Form-1) অনলাইন-এ পূরণ করে জমা দিতে হবে। মুদ্রিত কোনো আবেদনপত্র সরবরাহ করা হবে না। ফলে অনলাইন-এ মুদ্রিত আবেদনপত্র হাতে হাতে বা ডাকযোগে জমাদানের কোনো সুযোগ নেই।

২০. প্রার্থীর নাম ও পিতার নাম এস.এস.সি অথবা সমমানের সনদে যেভাবে লিখা আছে অনলাইন আবেদনপত্রে (BPSC Form-1) হুবহু সেভাবে লিখতে হবে। প্রার্থীর নাম এবং পিতার নাম সঠিকভাবে না লিখলে প্রার্থিতা বাতিল হতে পারে।

**২১. যে কোনো পর্যায়ে গুরুতর অসম্পূর্ণতা (substantively incomplete) ধরা পড়লে প্রার্থিতা বাতিল হবে। substantive ত্রুটি সম্পর্কিত গেজেট নোটিফিকেশন কমিশনের** ওয়েবসাইট-এ **প্রদান করা হয়েছে।**

২২. মৌখিক পরীক্ষার সময় শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল অথবা সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। অবতীর্ণ প্রার্থীদের অবতীর্ণ প্রত্যয়নপত্র, সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্র/ইস্তফাপত্র/অপসারণপত্র এবং BPSC Form-1(applicant's copy) এর সাথে সংযুক্ত সকল সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি এবং সাক্ষাৎকারপত্রে উল্লিখিত ডকুমেন্টস মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। **অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

২৩. যে সব প্রার্থী ১৪মে, ১৯৮২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত এসআরও নং ১৪২-এল/ইডি/রিক্রুটমেন্ট/১-১৫/৮০, তারিখ ১১মে, ১৯৮২-এর সরকারি নির্দেশ অনুযায়ী অনগ্রসর নাগরিক শ্রেণি (backward section of citizens)-এর অন্তর্ভুক্ত সে সকল প্রার্থী বিসিএস পরীক্ষা বিধিমালা-২০১৪ এর বিধি (৯)(৪)(খ) এর বিধানমতে বিজ্ঞাপনের ৯ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত ৭০০.০০ (সাতশত) টাকা ফি-এর পরিবর্তে ১০০.০০ (একশত) টাকা ফি জমা দিতে পারবেন। এসব প্রার্থীকে তাদের দাবির সমর্থনে পরবর্তীতে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সিভিল সার্জন/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এ সংক্রান্ত সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি লিখিত পরীক্ষার পর কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে BPSC Form-1(applicant's copy) এর সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে। **ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক ছাড়া অন্য কারও প্রদত্ত সার্টিফিকেট গ্রহণযোগ্য হবে না।**

২৪. **অপসারণ আদেশ/ইস্তফাপত্র/অনাপত্তি/ছাড়পত্র :**

**ক.** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত তাদের কমিশনের ওয়েবসাইটে প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্র ফরম ডাউনলোড করে যথাসময়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিল-স্বাক্ষর গ্রহণপূর্বক সংরক্ষণ করবেন যাতে মৌখিক পরীক্ষার বোর্ডে ছাড়পত্রের কপি জমা দিতে পারেন। **সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

**খ.** চাকরি হতে অপসারিত (removed) হয়েছেন অথবা চাকরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এসব ক্ষেত্রে প্রার্থীকে তাদের BPSC Form-1(applicant's copy) এর সঙ্গে চাকরি হতে অপসারণের আদেশের বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এরূপ আদেশের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

**গ.** কোনো প্রার্থী অনলাইন আবেদনপত্র [BPSC Form-1(applicant's copy)] জমাদানের পর মৌখিক পরীক্ষার পূর্বে কোনো চাকরিতে যোগদান করলে বা চাকরি থেকে ইস্তফাদান করলে বা চাকরি থেকে অপসারিত হলে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্র/ইস্তফাপত্র গ্রহণ/অপসারণ আদেশের কপি দাখিল করতে হবে। **অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

২৫. **MCQ ধরনের লিখিত পরীক্ষা অনুষ্ঠানের সম্ভাব্য সময় :** ৩৯তম বিসিএস (বিশেষ) এর MCQ type **লিখিত পরীক্ষা ২০১৮ সালের জুলাই মাসে** অনুষ্ঠিত হতে পারে। সঠিক তারিখ ও সময় যথাসময়ে কমিশনের ওয়েবসাইট এবং সংবাদ মাধ্যমে প্রকাশ করা হবে।

২৬. **পরীক্ষার নম্বর বণ্টন : মোট নম্বর : ৩০০**

| | | | |
|---|---|---|---|
| ক. | লিখিত পরীক্ষা [MCQ ধরনের] | : | **২০০** |
| খ. | মৌখিক পরীক্ষা | : | **১০০** |
| | **মোট** | = | **৩০০** |

২৭. **লিখিত পরীক্ষার সময়, বিষয়সমূহ এবং নম্বর বণ্টন :**

**ক.** প্রার্থীদেরকে নিম্নোক্ত বিষয় এবং নম্বর বণ্টন অনুযায়ী ২০০(দুইশত) নম্বরের একটি multiple choice question (MCQ ধরনের) লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার পূর্ণ সময় দেয়া হবে ২(দুই) ঘণ্টা। Optical mark readable double lithocode এবং barcode সংবলিত উত্তরপত্র OMR মেশিনে কম্পিউটারের মাধ্যমে মূল্যায়ন করা হবে :

**MCQ** ধরনের **লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর বণ্টন নিম্নে প্রদান করা হলো :**

| ক্রমিক নং | বিষয় | নম্বর বণ্টন |
|---|---|---|
| ১. | মেডিকেল সায়েন্স/<br>ডেন্টাল সায়েন্স [প্রয়োজ্যতা অনুযায়ী] | ১০০ |
| ২. | বাংলা | ২০ |
| ৩. | ইংরেজি | ২০ |
| ৪. | বাংলাদেশ বিষয়াবলি | ২০ |
| ৫. | আন্তর্জাতিক বিষয়াবলি | ২০ |
| ৬. | মানসিক দক্ষতা | ১০ |
| ৭. | গাণিতিক যুক্তি | ১০ |
| | মোট = | ২০০ |

**খ.** এই পরীক্ষায় মোট ২০০ (দুইশত) টি MCQ ধরনের প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য **১**(এক) নম্বর পাবেন, তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য প্রাপ্ত মোট নম্বর হতে ০.৫০ নম্বর করে কাটা হবে।

**২৮. লিখিত পরীক্ষায় উপযুক্ততা ও কৃতকার্যতা :**

**ক.** MCQ ধরনের লিখিত পরীক্ষার পাশ নম্বর কমিশন কর্তৃক নির্ধারিত হবে, এ ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**খ.** যে সকল প্রার্থী MCQ ধরনের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হবেন এবং লিখিত পরীক্ষার পর দাখিলকৃত যাদের BPSC Form-1 সম্পূর্ণরূপে ত্রুটিমুক্ত পাওয়া যাবে শুধু তারাই ৩৯তম বিসিএস (বিশেষ) এর মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থী কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে যাচিত সংশ্লিষ্ট সনদ/ডকুমেন্টস সহ BPSC Form-1(applicant's copy) এর কপি কমিশনে জমা দিবেননা তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সে সকল প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।**

**গ.** উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে বা কোনোরূপ কাটাকাটি করলে প্রার্থিতা বাতিল হবে।

**২৯. মৌখিক পরীক্ষা :**

মৌখিক পরীক্ষার পূর্ণ নম্বর ১০০ এবং পাস নম্বর ৫০। **লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষায় পৃথক পৃথকভাবে পাস করতে হবে।**

**৩০. লিখিত পরীক্ষার উত্তরপত্র ও মৌখিক পরীক্ষা সংক্রান্ত গোপনীয়তা:**

**ক.** বিসিএস পরীক্ষা বিধিমালার বিধান অনুযায়ী লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল হিসেবে গণ্য হবে। কোনো অবস্থাতেই কোনো প্রার্থী বা তার প্রতিনিধিকে উত্তরপত্র প্রদর্শন বা প্রদান করা হবে না। লিখিত পরীক্ষার উত্তরপত্র পুন:পরীক্ষণ বা পুন: নিরীক্ষণের আবেদন গ্রহণ করা হবে না।

খ. মৌখিক পরীক্ষার নম্বর গোপন থাকবে এবং উক্ত পরীক্ষার নম্বর বা এতদ্‌সংশ্লিষ্ট তথ্য প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।

**৩১. লিখিত পরীক্ষার সিলেবাস প্রাপ্তি:**

MCQ ধরনের লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস আগামী ১০.০৪.২০১৮ তারিখ সকাল ১০:০০টা থেকে কমিশনের **www.bpsc.gov.bd** ওয়েবসাইট-এ পাওয়া যাবে। প্রার্থীগণ কমিশনের ওয়েবসাইট থেকে তাদের লিখিত পরীক্ষার সিলেবাস ডাউনলোড করতে পারবেন।

**৩২. অনলাইন-এ সাক্ষাৎকারপত্র প্রাপ্তি:**

মৌখিক পরীক্ষার জন্য কমিশন হতে ডাকযোগে কোনো সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) কর্তৃক স্বাক্ষরিত ৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষার সাক্ষাৎকারপত্রটি কমিশনের ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করা থাকবে। কমিশন কর্তৃক মৌখিক পরীক্ষাসূচি ঘোষণার পর ৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষার সাক্ষাৎকারপত্রটি কমিশনের ওয়েবসাইট হতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ডাউনলোড করে সংগ্রহ করবেন। কমিশন কর্তৃক ঘোষিত ৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষার মৌখিক পরীক্ষার সময়সূচি অনুযায়ী প্রার্থীর জন্য নির্ধারিত মৌখিক পরীক্ষার তারিখ, রেজিস্ট্রেশন নম্বর এবং নাম সাক্ষাৎকারপত্রের ০১ নম্বর অনুচ্ছেদের নির্ধারিত স্থানে প্রার্থী স্বহস্তে লিখবেন। মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়ে সাক্ষাৎকারপত্রে উল্লিখিত কাগজপত্র এবং সাক্ষাৎকারপত্রসহ প্রার্থী সরকারী কর্ম কমিশনের আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকাস্থ প্রধান কার্যালয়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হবেন। নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত না হলে কারণ যাই হোক না কেন, উক্ত প্রার্থীর মৌখিক পরীক্ষা আর গ্রহণ করা হবে না।

**৩৩. স্বাস্থ্য পরীক্ষা :**

কমিশন কর্তৃক সাময়িকভাবে সুপারিশপ্রাপ্ত প্রার্থীদিগকে স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ডের সম্মুখে হাজির হতে হবে। মেডিকেল বোর্ডে স্বাস্থ্য পরীক্ষাকালীন প্রার্থীদের নিম্নোক্ত দৈহিক যোগ্যতা থাকতে হবে :

| | ন্যূনতম উচ্চতা | ন্যূনতম ওজন |
|---|---|---|
| ১. পুরুষ প্রার্থী : | ৫' (১৫২.৪০ সেঃ মিঃ) | ৯৯.১১ পাউন্ড (৪৫ কে.জি) |
| ২. মহিলা প্রার্থী : | ৪'. ১০" (১৪৭.৩২ সেঃ মিঃ) | ৮৮.১০ পাউন্ড (৪০ কে.জি) |

উপরোল্লিখিত শারীরিক উচ্চতা না থাকলে কোনো প্রার্থী নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না। কোনো প্রার্থীর উপরোল্লিখিত ওজন না থাকলে তিনি অস্থায়ীভাবে অযোগ্য বলে বিবেচিত হবেন। প্রার্থীগণকে বিধি অনুযায়ী দৃষ্টিশক্তিসম্পন্ন হতে হবে। অন্যান্য স্বাস্থ্যগত যোগ্যতা সম্পর্কিত বিস্তারিত তথ্যাবলি যথাসময়ে জানানো হবে। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে স্বাস্থ্য পরীক্ষার বিধানসমূহ সরকারী সিদ্ধান্ত সাপেক্ষে শিথিলযোগ্য।

৩৪. **পরীক্ষাকেন্দ্র :**
MCQ type লিখিত পরীক্ষা কেবল ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। অনলাইন আবেদনপত্রের (BPSC Form-1) part-1এর personal information-এ Exam Centre অংশে প্রদত্ত তথ্যমতে প্রবেশপত্রে উল্লিখিত **ঢাকা কেন্দ্রে** প্রার্থীকে নিজ খরচে উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষা কমিশনের প্রধান কার্যালয় ঢাকায় অনুষ্ঠিত হবে।

৩৫. এই বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত আরোপ করা হলো তা যদি অনলাইন আবেদনপত্রের [BPSC Form-1 (applicant's copy)] কোনো শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হয় তাহলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। **তবে কোনো বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যাখ্যা দিবে।**

৩৬. **ক.** পরীক্ষা সংক্রান্ত কোনো দরকারি বা অন্যান্য চিঠিপত্র কমিশনের **"পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)**, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭" এই ঠিকানায় পাঠাতে হবে।

**খ.** প্রার্থীর ঠিকানায় কোনো পরিবর্তন হলে প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)-কে যথাসময়ে লিখিতভাবে জানাতে হবে।

৩৭. **মিথ্যা তথ্য প্রদান ও অসদুপায় অবলম্বনের শাস্তি :**

**ক.** কোনো প্রার্থী আবেদনপত্রে কোনো ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোনো অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা পরিবর্তন করলে বা পরীক্ষার হলে মোবাইল ফোন, হাতঘড়ি, কমিশন কর্তৃক ঘোষিত নিষিদ্ধ সামগ্রী/ডিভাইস বা কোনো ধরনের ইলেকট্রনিক যোগাযোগযন্ত্রসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে অসদুপায়ের আশ্রয় গ্রহণ করলে বা পরীক্ষার হলে কোনোরূপ দুর্ব্যবহার করলে বা অসদুপায় অবলম্বন করলে বা প্রতারণার আশ্রয় নিলে বিসিএস পরীক্ষা বিধিমালা-২০১৪-এর বিধান অনুযায়ী তাকে উক্ত পরীক্ষাসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে।

**খ.** বিসিএস পরীক্ষা বিধিমালার বিধান অনুযায়ী ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং উক্ত প্রার্থীকে সার্ভিসে নিয়োগের পর এইরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩৮. **বিজ্ঞাপনটি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।**

**[শেষ তারিখের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে সতর্কতার সঙ্গে নিজে অনলাইনে যথাযথভাবে আবেদনপত্র (BPSC Form-1) পূরণ করুন এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি সহ জমাদান সম্পন্ন করুন]**

**[পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন; চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদ্‌বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]**

৮.৪.১৮

**[আ.ই.ম. নেছার উদ্দিন]**
**পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]**